**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 P.M.** **Compiling ঃ- S. Biswas**
**DEO : KB** **NR :- P. Biswakarma**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ সংবিধানের ৩২৬ নম্বর ধারা, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন এবং সুপ্রিম কোর্টের রায়ের সঙ্গে সামঞ্জস্য রেখে সচিত্র ভোটার পরিচয় পত্রের সঙ্গে আধার সংযুক্তিকরণ করা হবে বলে নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে।

# আগামী তিন মাসের মধ্যে ডুপ্লিকেট ভোটার আই ডি সমস্যার সমাধান করা হবে বলেও নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ দোল ও হোলি উৎসবে রাজ্যের বিভিন্ন জায়গায় অশান্তির ঘটনা নিয়ে আলোচনার দাবিতে প্রধান বিরোধী দল বিজেপির আনা মুলতুবি প্রস্তাবকে কেন্দ্র করে বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে।

৩/ রাজ্য সরকারি কর্মীদের অ্যাডহক বোনাস ও উৎসব অগ্রিম-এর পরিমাণ বাড়ানো হয়েছে।

৪/ রাজ্যের নিম্ন আদালত গুলিতে ২৯ জন বিচারক নিয়োগে সিলমোহর দিল কলকাতা হাইকোর্ট।

৫/ রাজ্য সরকারের আর্জি মেনে সুপ্রিম কোর্ট, OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার শুনানি তিনমাস পিছিয়ে দেওয়ার আবেদন মঞ্জুর করেছে।

৬/ আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস, চলতি সপ্তাহে রাজ্যের প্রায় সব জেলায় আবার ঝড়বৃষ্টির উপযুক্ত পরিস্থিতি তৈরি হয়েছে।

**********************************************************************

সংবিধানের ৩২৬ নম্বর ধারা, ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের বিভিন্ন ধারা এবং সুপ্রিম কোর্টের রায়ের সঙ্গে সামঞ্জস্য রেখে সচিত্র ভোটার পরিচয়পত্রের সঙ্গে আধার সংযুক্তিকরণ করা হবে বলে নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে । নতুনদিল্লিতে আজ স্বরাষ্ট্র মন্ত্রক এবং আইন বিভাগের সচিব এবং UIDAI-এর সিইও-র সঙ্গে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এক বিবৃতিতে নির্বাচন কমিশন জানিয়েছে, ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া- UIDAI এবং কমিশনের কারিগরি বিশেষজ্ঞদের মধ্যে প্রযুক্তিগত আলোচনা শীঘ্রই শুরু হতে চলেছে। এছাড়াও লম্বা লাইন কমাতে ভবিষ্যতে কোনও বুথে ১২০০-র বেশি ভোটার থাকবে না বলে কমিশন ঘোষণা করেছে।

দীর্ঘদিন ধরে চলা নানাধরণের চ্যালেঞ্জের মোকাবিলায় নির্বাচন কমিশন একগুচ্ছ সক্রিয় পদক্ষেপও গ্রহণ করেছে। এর মধ্যে রয়েছে আগামী তিন মাসের মধ্যে ডুপ্লিকেট ভোটার আইডি সমস্যার সমাধান এবং রাজনৈতিক প্রতিনিধি যেমন বুথ পর্যায়, পোলিং, গণনা এবং নির্বাচনী এজেন্টদের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে সচেতনতার প্রশিক্ষণ দেওয়া।

************************

দোল ও হোলি উৎসবে রাজ্যের বিভিন্ন জায়গায় অশান্তির ঘটনা নিয়ে আলোচনা দাবিতে প্রধান বিরোধী দল বিজেপির আনা মুলতুবি প্রস্তাবকে কেন্দ্র করে বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে। স্লোগান, পাল্টা স্লোগানের চাপানউতোর পর্বের পর বিধানসভা থেকে ওয়াকআউট করেন বিরোধীরা। ওই ঘটনাকে কেন্দ্র করে বিজেপির বিরুদ্ধে ধর্মীয় মেরুকরণের রাজনীতির অভিযোগে সরব হয়েছে সরকারপক্ষ। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

( ভিসি-অভিরূপ )

************************

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, বিজেপি ও তৃণমূল কংগ্রেস বেকারি, মূল্যবৃদ্ধি, এসব ভুলে সাম্প্রদায়িক ভাগাভাগি করছে। বিধানসভায় প্রকল্প, বাজেট প্রস্তাব নিয়ে বা মূল্যবৃদ্ধি নিয়ে আলোচনা হচ্ছে না।

আজ মেদিনীপুরে সাংবাদিকদের তিনি বলেন, রাজ্যে বামপন্থীরা সিদ্ধান্ত নিয়েছে, ধর্মীয় ভাগাভাগির বিরুদ্ধে রুখে দাঁড়াবে।

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মানুষের সমস্যা নিয়ে আলোচনার বদলে বিধানসভায় ধর্ম নিয়ে তরজা চলছে।

************************

বিতর্কিত মন্তব্যের জন্য মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীরকে সতর্ক করে দিয়েছে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় শৃঙ্খলা রক্ষা কমিটি। ওই বিধায়ককে আজ ডেকে পাঠিয়ে কমিটি চূড়ান্ত হুঁশিয়ারি দেয়। কমিটির কাছে নিজের মন্তব্যের ব্যাখ্যাও দেন হুমায়ুন। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন, হুমায়ুন কবীরকে দলের শৃঙ্খলা ও রীতি মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। সাংবিধানিক পদে থেকে কোনো রকম সাম্প্রদায়িক মন্তব্য বা দল অস্বস্তিতে পড়ে, এমন কোনো কাজ করা থেকে বিরত থাকতে বলা হয়েছে তাঁকে। সব শর্তই বিধায়ক মেনে নিয়েছেন বলে শোভনদেব বাবু জানান।

************************

সাসপেনশন উঠে গেলেও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিধানসভার চলতি বাজেট অধিবেশনে যোগ দেবেন না বলে জানিয়েছেন। ফালাকাটার বিজেপি বিধায়ক দীপক বর্মণকে বিধানসভা থেকে সাসপেন্ড করার প্রতিবাদেই তাঁর এই সিদ্ধান্ত।

************************

রাজ্য সরকারি কর্মীদের অ্যাডহক বোনাস ও উৎসব অগ্রিম-এর পরিমাণ বাড়ানো হয়েছে। আজ অর্থ দপ্তর থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শারদোৎসব ও ঈদের আগে এই বোনাস পাওয়া যাবে। ২০২৫-এর ৩১শে মার্চ পর্যন্ত যেসব কর্মীদের

বেতন মাসিক ৪৪ হাজার টাকা বা তার নীচে, তারা অ্যাডহক বোনাস পাবেন ৬'হাজার ৮০০ টাকা।

উল্লেখ্য, ২০২৪-এ এদের অ্যাডহক বোনাস ছিল- ৬'হাজার টাকা এবং বেতনের ঊর্ধ্বসীমা ছিল মাসিক ৪২ হাজার টাকা। মাসে ৪৪ হাজার টাকা থেকে ৫২ হাজার টাকা পর্যন্ত যাদের বেতন, তাঁরা উৎসব অগ্রিম পাবেন ২০ হাজার টাকা। এক্ষেত্রেও বেতনের ঊর্ধ্বসীমা ২'হাজার টাকা করে বাড়ানো হয়েছে।

অবসর প্রাপ্তদের ক্ষেত্রে যারা ৩৮ হাজার টাকার কম পেনশন পান, তাঁরা অ্যাডহক বোনাস পাবেন ৩'হাজার ৫০০ টাকা। গতবছর পেনশনের ঊর্ধ্বসীমা ছিল ৩৫ হাজার টাকা।

*************************

জেলাশাসকদের কাছে সেল্ফ ডিক্ল্যারেশনের ভিত্তিতে রূপান্তরকামীদের স্বীকৃতি দেওয়া হচ্ছে বলে আজ বিধানসভায় জানিয়েছেন রাজ্যের নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ মন্ত্রী শশী পাঁজা। আগে এই পদ্ধতি কেন্দ্রীভূত থাকলেও, এখন জেলাশাসকদের হাতে সেই ক্ষমতা দেওয়া

*************************

পড়ুয়ার অভাবে স্কুল বন্ধ করে দেওয়া রাজ্য সরকারের নীতি নয় বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু স্পষ্ট জানিয়েছেন। বিধানসভায় আজ উচ্চ শিক্ষা ও বিদ্যালয় শিক্ষা দফতরের যৌথ বাজেট আলোচনা শেষে জবাবি ভাষণে তিনি বলেন, বর্তমান সরকারের আমলে রাজ্যে ৮৯৭টি নতুন প্রাথমিক স্কুল তৈরি হয়েছে। ছয় হাজারের বেশি উচ্চ প্রাথমিক স্কুলকে মাধ্যমিক স্তরের রূপায়িত করা হয়েছে। অন্যদিকে ২০০০ এর বেশি মাধ্যমিক বিদ্যালয়কে উন্নীত করা হয়েছে উচ্চ মাধ্যমিক স্তরে । চলতি বছরে আরও ২৭টি উচ্চ মাধ্যমিক স্কুল তৈরির কাজ শেষ হয়েছে।

অন্যদিকে, বর্তমান সময়ের দাবি মেনে সরকারি শিক্ষাব্যবস্থাকে প্রযুক্তি নির্ভর করে তোলা হচ্ছে। তরুণের স্বপ্ন প্রকল্পে ১৬ লক্ষেরও বেশি পড়ুয়াকে স্মার্টফোন বা ট্যাব কেনার টাকা দেওয়া হয়েছে। আলোচনা শেষে শিক্ষা দফতরের ৬ হাজার ৫৯৩ কোটি ৫৮ লক্ষ টাকার বাজেট প্রস্তাবটি বিধানসভায় গৃহীত হয়।

************************

বিজেপির প্রাক্তন রাজ্যসভাপতি দিলীপ ঘোষ আজ বিধানসভায় পরিষদীয় দলের বৈঠকে যোগ দেন। সকালে তাঁকে বিধানসভায় ফুল ও উত্তরীয় দিয়ে স্বাগত জানান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পরিষদীয় দলের বৈঠকে দিলীপ ঘোষ, উপস্থিত বিধায়কদের জনসংযোগের পাঠ দিয়েছেন বলে জানা গেছে। পরে সাংবাদিকদের তিনি বলেন, দলের রাজ্য সভাপতি নির্বাচন যথাসময়েই সম্পন্ন হবে।

( বাইট-দিলীপ ঘোষ )

************************

বিজেপি, শান্তিপূর্ণভাবে রামনবমী উৎসব পালনের বার্তা দিয়েছে। বিধানসভার প্রবেশপথে আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, যেভাবে দুর্গাপূজা, কালীপুজো এবং কার্তিক পুজো ও সরস্বতী পুজোতে আক্রমণ হয়েছে একইভাবে রামনবমীর মিছিলও আক্রান্ত হতে পারে। তিনি অভিযোগ করেন, পুলিশ প্রশাসন বিভিন্ন শর্ত দিয়ে রামনবমী উৎসব পালন কমিটিগুলিকে একটি নতুন আবেদন পত্র পূরণের জন্য পাঠিয়েছে। সেই আবেদন পত্র পূরণ না করার জন্য তিনি উৎসব কমিটিগুলির কাছে অনুরোধ জানিয়েছেন। শ্রী অধিকারী বলেন, চলতি বছরে আরও বেশি সংখ্যক মানুষ রামনবমী উৎসব পালন করবে।

************************

রাজ্যের নিম্ন আদালত গুলিতে ২৯ জন বিচারক নিয়োগে সিলমোহর দিল কলকাতা হাইকোর্ট। PSC-র তালিকাই সঠিক জানিয়ে দিলেন বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায়। নিয়োগের ওপর স্থগিতাদেশ প্রত্যাহার করে নেন তিনি।

রাজ্যে নিম্ন আদালতে শূন্যপদে বিচারক নিয়োগের দুটি তালিকা প্রকাশ করা হয়েছিল। একটি মুল বা রেগুলার ও অপরটি সম্ভাব্য। মোট ২৯ টি পদে নিয়োগের জন্য এই দুটি তালিকা প্রকাশ করা হয়। রেগুলার তালিকার প্রার্থীরা সরাসরি নিযুক্ত হবেন।

আর সম্ভাব্য তালিকার প্রার্থীরা যদি কোনও বিচারক অব্যাহতি নেন বা কারুর চাকরি থাকাকালীন মৃত্যু হয় বা অন্য কোথাও স্থানান্তরিত হন, তবে সেই শূন্য পদে নিয়োগের জন্য সম্ভাব্য তালিকায় থাকা প্রার্থীরা প্রাধান্য পাবে।

************************

রাজ্য সরকারের আর্জি মেনে সুপ্রিম কোর্ট অন্যান্য অনগ্রসর শ্রেণী, অর্থাৎ OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার শুনানি তিনমাস পিছিয়ে দেওয়ার আবেদন মঞ্জুর করেছে। বিচারপতি বি আর গাভাই ও বিচারপতি A G মাসিহার ডিভিশন বেঞ্চে রাকজ্যের আইনজীবি কপিল সিব্বল জানান, সংরক্ষণের বিষয়ে সরকার নতুন সমীক্ষা শুরু করেছে। ফলে শুনানি যেন পিছিয়ে দেওয়া হয়।

উল্লেখ্য, ২০২৪-এর ২২'শে মে কলকাতা হাইকোর্ট ২০১০ সালের পর থেকে তৈরী সব OBC শংসাপত্র বাতিল করার নির্দেশ দিয়েছিল। এই নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যায় রাজ্য সরকার।

************************

মে মাসের মাঝামাঝি এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল বেরোবে।
আজ উচ্চ মাধ্যমিকের শেষ পরীক্ষার পর এ কথা জানান, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য। তিনি আরও জানান, এবার পরীক্ষা চলাকালীন আট জনের কাছে মোবাইল পাওয়া গিয়েছে। তাদের সব পরীক্ষা বাতিল করা হয়েছে। গতবার ৪১ জন পরীক্ষার্থীর কাছে মোবাইল পাওয়া গিয়েছিল।

************************

আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাভাস, চলতি সপ্তাহে আবার ঝড়বৃষ্টির উপযুক্ত পরিস্থিতি তৈরি হয়েছে রাজ্যের প্রায় সব জেলায়। আগামী বৃহস্পতি থেকে শনিবার পর্যন্ত চলতে পারে ঝড়বৃষ্টি। দক্ষিণের বেশ কিছু জেলায় জারি করা হয়েছে কমলা সতর্কতা। মৎস্যজীবীদেরও সমুদ্রে যেতে বারণ করা হয়েছে। আগামী তিন দিন তাপমাত্রার হেরফের হওয়ার কোনও সম্ভাবনা নেই। তার পরের দু'দিন কমতে পারে তাপমাত্রা। আবহাওয়া অফিস জানিয়েছে, বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প এসে

জমা হচ্ছে বাতাসে। তার জেরে বৃহস্পতি থেকে শনিবার রাজ্যের সব জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

************************

ইডেনে আগামী ৬ই এপ্রিল লখনউ সুপার জায়ান্টসের বিরুদ্ধে কলকাতা নাইট রাইডার্সের ম্যাচকে ঘিরে অনিশ্চয়তা তৈরি হয়েছে। ওই দিন রামনবমী থাকায় পুলিশের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা দেওয়া সম্ভব নয় বলে জানানো হয়েছে। সেই কারণে ম্যাচটি পিছিয়ে যেতে পারে । সিএবি সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, কলকাতা পুলিশের সঙ্গে এবিষয়ে তাদের বৈঠক হলেও ৬ এপ্রিল খেলার ব্যাপারে ছাড়পত্র মেলেনি।

*******************************************************************